# চতুর্থ অধ্যায়

# আখলাক

## ■ সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন- ১ ▸▸**

শিল্পপতি জামিল সাহেব তাঁর গার্মেন্টসে কর্মচারীদের যথাসময়ে উপযুক্ত পারিশ্রমিক পরিশোধ করেন। তিনি সততার সাথে কাজ করতে এই বলে সতর্ক করে দেন, যেন তার কারখানায় তৈরি পোশাকে কোনোরকম সমস্যা না থাকে। কাপড় কম দেওয়া বা সেলাইয়ে সুতা যেন খারাপ না হয়। তারপরেও এক কর্মচারী ইচ্ছাকৃতভাবে কাপড় কম দিয়ে পোশাক তৈরি করে। ঐ কর্মচারী কাপড় কম দেওয়ার বিষয়টি গোপন রাখে। এতে জামিল সাহেবের ব্যবসা ক্ষতিগ্রস্ত হয়। ফলে জামিল সাহেব ঐ কর্মচারীর বেতন বন্ধ করে দেন। একপর্যায়ে সামান্য বেতনের ঐ কর্মচারীর পরিবারের সমস্যার কথা বুঝালে জামিল সাহেব কর্মচারীকে আল্লাহর কাছে ক্ষমা চাইতে বলেন।

ক. ক্ষমা এর আরবি প্রতিশব্দ কী?

খ. শ্রমের মর্যাদা বলতে কী বোঝায়?

গ. জামিল সাহেবের সর্বশেষ আচরণে যে গুণটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর।

ঘ.'সংশিষ্ট কর্মচারীর কর্মকাণ্ড একটি সামাজিক অপরাধ'— মন্তব্যটি বিশ্লেষণ কর।

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** ক্ষমা এর আরবি প্রতিশব্দ 'আফউন'।

**খ** মানুষ তার নিজের বেঁচে থাকার, অপরের কল্যাণের এবং সৃষ্টিজীবের উপকারের জন্য যে কাজ করে তা-ই শ্রম। আর এসব শ্রমকে যথাযথভাবে মূল্যায়ন, সম্মান প্রদর্শন, শ্রমিককে উপযুক্ত পারিশ্রমিকসহ, সকল প্রকার সুযোগ-সুবিধা প্রদান করাকে শ্রমের মর্যাদা বলে।

**গ** জামিল সাহেবের সর্বশেষ আচরণে যে গুণটি ফুটে উঠেছে তা হলো ৰমা। প্রতিশোধ গ্রহণের পূর্ণ ৰমতা থাকা সত্ত্বেও প্রতিশোধ না নিয়ে মাফ করে দেওয়াই হলো ৰমা। আমরা প্রায়ই বিভিন্ন কাজের মধ্যে ভুল করে ফেলি, কথা বলার সময় অনেক সময় শিরক করে ফেলি। তারপরও যদি তাওবা করি, অনুতপ্ত হই, আলরাহ তাআলা ৰমা করে দেন। আলরাহ তাআলা সর্বশক্তিমান ও মহাপরাক্রমশালী হওয়া সত্ত্বেও ৰমা করে দেন। উদ্দীপকে জামিল সাহেব কর্মচারীর পরিবারের সমস্যার কথা চিন্তা করে কর্মচারীকে নিজে ৰমা করে দিয়ে তাকে আলরাহর কাছে ৰমা চাইতে বলেন। সুতরাং জামিল সাহেবের সর্বশেষ আচরণে ৰমা গুণটি ফুটে উঠেছে।

**ঘ** সংশিষ্ট কর্মচারীর কর্মকাণ্ড তথা প্রতারণা একটি সামাজিক অপরাধ। এর ফলে মানুষ দুঃখ-কষ্ট ভোগ করে। সামাজিক শান্তি-শৃঙ্খলা বিঘ্নিত হয়। সমাজের মানুষের জীবনযাত্রা দুর্বিষহ হয়ে পড়ে। উদ্দীপকে শিল্পপতি জামিল সাহেবের গার্মেন্টসের কর্মচারী ইচ্ছাকৃতভাবে কম কাপড়ে পোশাক তৈরি করে এবং বিষয়টি গোপন করে। তার এই প্রতারণামূলক কর্মকাণ্ডের দ্বারা মালিক জামিল সাহেব ও সমস্ত ক্রেতা তথা সমাজের সব মানুষের সাথে প্রতারণা করা হয়েছে। এর দ্বারা সমাজে অন্যায় বিস্তার লাভ করবে। সমাজ থেকে শান্তি চলে যাবে। মানুষ বিভিন্ন অনৈতিক কর্মকাণ্ডে জড়িয়ে পড়বে। তাছাড়া এ রকম ত্রুটিযুক্ত পোশাক যে ক্রয় করবে সেই প্রতারিত হবে। সুতরাং উপরিউক্ত পর্যালোচনার আলোকে একথা নির্দ্বিধায় বলা যায়, জামিল সাহেবের কর্মচারীর কর্মকাণ্ড একটি সামাজিক অপরাধ।

**প্রশ্ন- ২ ▸▸**

জহির সাহেব একজন চরিত্রবান লোক। রজব মিয়া তাঁর বাড়িতে মাসিক দুই হাজার টাকা বেতনে কাজ করে টাকাগুলো জহির সাহেবের নিকটই জমা রাখেন। এভাবে দু'বছর কাজ করার পর ঢাকা শহরে বেড়াতে এসে নিখোঁজ হন। এ অবস্থায় জমানো টাকা দিয়ে জহির সাহেব তার এলাকায় এক বিঘা জমি ক্রয় করে রজব মিয়ার নামে কওলা করেন। দীর্ঘ দশ বছর পরে রজব মিয়া জহির সাহেবের বাড়িতে ফিরে আসলে, জহির সাহেব তাঁর জমির দলিল হাতে দিয়ে জমি বুঝিয়ে দেন। অপর দিকে আরমান সাহেবের ড্রাইভার রমিজ মিয়া বিদেশে যাওয়ার জন্য জমি বিক্রি করে আরমান সাহেবের নিকট দুই লাখ টাকা দেন। আরমান সাহেব তাকে বিদেশে পাঠানোর কথা বলে একটি জাল ভিসা তৈরি করে দেন। রমিজ মিয়া এর মাধ্যমে বিদেশে যেতে ব্যর্থ হয়ে টাকা ফেরত চাইলে আরমান সাহেব বলেন, তোমাকে ভিসা দেওয়া হয়েছে, কাজেই তুমি বিদেশে যেতে না পারার দায়ভার আমি বহন করব না।

ক. কিসে মনের শান্তি নষ্ট হয়?

খ. আখলাকে যামিমা বলতে কী বোঝায়?

গ. জহির সাহেবের কাজটির মাধ্যমে কোন বিষয়টি রক্ষা পেয়েছে? ব্যাখ্যা কর।

ঘ.ড্রাইভার রমিজ মিয়ার সাথে আরমান সাহেবের আচরণ বিশ্লেষণ কর।

**২ নং প্রশ্নের উত্তর**

**ক** হিংসায় মনের শান্তি নষ্ট হয়।

**খ** এমন কিছু আচরণ বা কাজ যা মানুষকে হীন, নীচ ও নিন্দনীয় করে তোলে, সেগুলোকেই আখলাকে যামিমা বা নিন্দনীয় আচরণ বলে। নিন্দনীয় আচরণগুলো হচ্ছে হিংসা, ক্রোধ, লোভ, প্রতারণা, পিতামাতার অবাধ্য হওয়া, ইভটিজিং, ছিনতাই প্রভৃতি।

**গ** জহির সাহেবের কাজটির মাধ্যমে আমানত রৰা পেয়েছে। গচ্ছিত বা দায়িত্বে রাখা বস্তু সযত্নে রেখে এর মালিকের কাছে যথাযথভাবে ফেরত দেয়াই আমানত। সমাজের প্রতিটি মানুষের নিজ নিজ দায়িত্ব তার নিকট পবিত্র আমানত। যিনি আমানত রৰা করেন, তাকে সবাই বিশ্বাস করে এবং ভালোবাসে। সমাজের সবাই তাকে সম্মান করে। সুতরাং বলা যায়, উদ্দীপকের জহির সাহেব দশ বছর পর কর্মচারী রজব মিয়ার জমির দলিল হাতে বুঝিয়ে দিয়ে আমানত রৰা করেছেন।

**ঘ** উদ্দীপকের ড্রাইভার রমিজ মিয়ার সাথে আরমান সাহেবের আচরণ প্রতারণার শামিল। আচার–আচরণ, লেনদেন, ব্যবসা–বাণিজ্য প্রভৃতি ৰেত্রে ধোঁকা দেয়াকে প্রতারণা বলে। প্রতারণা একটি সামাজিক অপরাধ। এর কারণে সমাজের শান্তি–শৃঙ্খলা নষ্ট হয়। মানুষের জীবনযাত্রা দুর্বিষহ হয়ে পড়ে। প্রতারণাকারী প্রকৃত ও খাঁটি মুসলমান হতে পারে না। প্রতারণা মুনাফিকের কাজ। এর শাস্তি বড় কঠিন। উদ্দীপকের আরমান সাহেব প্রতারণা করে দুই লাখ টাকা নিয়ে বিদেশ যাওয়ার জন্য জাল ভিসা তৈরি করে দেন যা প্রকাশ্য প্রতারণা। এরূ প প্রতারণাকারী মুনাফিক হিসেবে বিবেচিত। এজন্য আরমান সাহেবের পরিণতি অত্যন্ত ভয়াবহ হবে। সে যদি ৰমা পেতে চায় তাহলে তাকে রমিজ মিয়ার সব টাকা ফেরত দিয়ে তার নিকট ৰমা চাইতে হবে। পাশাপাশি আলরাহর নিকটও তাকে ৰমা চাইতে হবে।

**প্রশ্ন– ১ ▸▸**

মান্নানের অভ্যাস মিথ্যা বলা, গালি দেয়া, অন্যের গচ্ছিত রাখা সম্পদ আত্মসাৎ করা। মান্নানের পিতা তার এ ধরনের আচরণে ব্যথিত। তার পিতা তাকে একদিন ডেকে বলল– তোমার এরূ প কর্মকান্ড ঠিক নয়। এরপর এ হাদিসটি শুনান, “তোমাদের মধ্যে সে ব্যক্তিই আমার নিকট অধিক প্রিয়, যার চরিত্র সর্বোত্তম”।

ক. আমানত অর্থ কী? ১

খ. আখলাকে হামিদাহ কাকে বলে? ২

গ. মান্নানের আচরণ কীসের পরিপন্থী? ব্যাখ্যা কর। ৩

ঘ.উদ্দীপকের হাদিসের আলোকে আখলাকে হামিদাহর তাৎপর্য বিশেরষণ কর। ৪

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** আমানত অর্থ গচ্ছিত রাখা বা দায়িত্বে রাখা।

**খ** উত্তম চরিত্রকে আখলাকে হামিদাহ বা প্রশংসনীয় আচরণ বলা হয়। মানুষের স্বভাব যখন সামগ্রিকভাবে সুন্দর, নম্র ও মার্জিত হয় তখন তাকে আখলাকে হামিদাহ বলে।

**গ** মান্নানের আচরণ আখলাকে হামিদাহর পরিপন্থী। মানুষের দৈনন্দিন কাজকর্মের মাধ্যমে যেসব উত্তম আচার–ব্যবহার, চালচলন এবং স্বভাবের প্রকাশ পায়, সেসবের সমষ্টিই আখলাকে হামিদাহ। পরোপকারিতা, শালীনতাবোধ, সৃষ্টির সেবা, আমানত রৰা, ৰমা ইত্যাদি আখলাকে হামিদাহর অন্তর্ভুক্ত। উদ্দীপকের মান্নানের অভ্যাস মিথ্যা কথা বলা, অপরকে গালি দেয়া এবং অন্যের গচ্ছিত রাখা সম্পদ আত্মসাত করা। মান্নানের এসব আচরণ আখলাকে হামিদাহর পরিপন্থী যা আখলাকে যামিমা বা নিন্দনীয় চরিত্রের অন্তর্ভুক্ত।

**ঘ** ‘তোমাদের মধ্যে সে ব্যক্তি আমার নিকট অধিক প্রিয়, যার চরিত্র সর্বোত্তম’–উদ্দীপকে উলিরখিত হাদিসটি অত্যন্ত তাৎপর্যপূর্ণ। পৃথিবীতে মানুষের যাবতীয় সুখ–শান্তি, আরাম–আয়েশ আখলাকে হামিদাহ তথা প্রশংসনীয় চরিত্রের ওপর নির্ভরশীল। যে ব্যক্তি প্রশংসনীয় গুণাবলির অধিকারী সবাই তাকে ভালোবাসে, সম্মান করে এবং বিশ্বাস করে। হাদিসে আখলাকে হামিদাহ অর্জন করার প্রতি সর্বাধিক গুরবত্বারোপ করা হয়েছে। রাসুল (স.) বলেছেন ‘মানুষের মধ্যে সর্বোত্তম ব্যক্তি সে যার চরিত্র সুন্দর’। উদ্দীপকের মান্নানের মধ্যে তার পিতা মিথ্যা, আমানতের খিয়ানত, সম্পদ আত্মসাৎসহ আখলাকে যামিমার অন্তর্ভুক্ত বদস্বভাব দেখে উক্ত হাদিসটি তাকে শোনায়। সুতরাং উলিরখিত হাদিসটি মানবজীবনের জন্য অত্যন্ত তাৎপর্যপূর্ণ।

**প্রশ্ন– ২ ▸▸**

মক্কায় ইসলাম প্রচারকালীন আমাদের মহানবি (স.)–এর উপর কাফিররা অত্যাচারের স্টিমরবলার চালিয়ে দেয়। তারা মহানবি (স.)–এর নামে কুৎসা রটনা করে। তারা তাঁকে অত্যাচারী সাজায়। এসব কথা শুনে এক বুড়ি মহানবি (স.)–এর অত্যাচারের ভয়ে মক্কা থেকে পালিয়ে যাওয়ার সময় পথিমধ্যে মহানবি (স.)–এর সাথে তার দেখা হয়। তিনি তার বিরাট বোঝা নিজের মাথায় তুলে নেন।

ক. শালিনতা অর্থ কী? ১

খ. পরোপকার করতে হবে কেন? ২

গ. উদ্দীপকে কোন গুণটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ.উক্ত গুণটির তাৎপর্য বিশেরষণ কর। ৪

**২ নং প্রশ্নের উত্তর**

**ক** শালিনতা অর্থ ভদ্রতা, নম্রতা ও লজ্জাশীলতা।

**খ** আল্লাহ তাআলা পরোপকার করার নির্দেশ দিয়েছেন বিধায় পরোপকার করতে হবে। আলস্নাহ সব মানুষকে সমান যোগ্যতা ও দৰতা দিয়ে সৃষ্টি করেননি। এজন্য মানুষ পরস্পরের ওপর নির্ভরশীল। তাই প্রত্যেকের দায়িত্ব হলো নিজের সামর্থ্য অনুযায়ী অন্যের উপকার করা। এসব কারণেই ইহসান বা পরোপকার করতে হয়।

**গ** উদ্দীপকে পরোপকার গুণটি ফুটে উঠেছে।সমাজবদ্ধ হয়ে বসবাস করতে হলে একে অপরের সহযোগিতা প্রয়োজন। আর অন্যের প্রয়োজনে বা উপকারে আসার নামই হলো পরোপকার। মহান আলস্নাহ সকল মানুষকে সমান যোগ্যতা ও দৰতা দিয়ে সৃষ্টি করেননি। এ কারণে মানুষ পরস্পরের ওপর নির্ভরশীল। তাই মানুষকে সাধ্য ও সামর্থ্য অনুযায়ী অপরের উপকার করতে হবে। উদ্দীপকে আমাদের মহানবি (স.) বোঝা ওঠাতে অৰম এক বুড়ির মাথার বোঝা নিজে বহন করে পরোপকার করেছেন। অর্থাৎ এখানে মহানবি (স.)–এর কাজে পরোপকার গুণটি ফুটে উঠেছে।

**ঘ** পরোপকারের তাৎপর্য অপরিসীম। পরোপকার করা আল্লাহর অন্যতম গুণ। সব সৃষ্টির প্রতি আল্লাহ তাআলা অসীম দয়া ও করম্নণা করেন। তিনি বিশ্বাসী, অবিশ্বাসী সবার প্রতি দয়া করেন। যে ব্যক্তি পরোপকার করেন আলস্নাহ তাআলা তাকে ভালোবাসেন। পরোপকারী আল্লাহর রহমত লাভ করেন। আল্লাহর সন্তুষ্টি অর্জন করেন। আলস্নাহ তাআলা বলেন– ‘তোমরা সৎকর্ম ও পরোপকার কর।’ নিশ্চয়ই আলস্নাহ সৎকর্মশীল ও পরোপকারীদেরকে ভালোবাসেন। উদ্দীপকে উলিস্নখিত মহানবি (স.) দেখলেন যে এক বুড়ি তার বোঝা ওঠাতে পারছিল না। দয়ালু নবিজি তার বোঝাটি মাথায় তুলে নিয়ে পরোপকার করলেন। উপরিউক্ত পর্যালোচনার দ্বারা এটাই প্রমাণিত হয় যে, পরোপকারের তাৎপর্য অপরিসীম।

**প্রশ্ন– ৩ ▸▸**

জামিল একটি কোম্পানিতে চাকরি করেন। তার কর্মদৰতার কারণে কোম্পানি অনেক লাভবান হয় এবং তাকে পদোন্নতি দেয়। এতে তার সহকর্মী এলিনা হিংসা করতে থাকে। তার বিরোধিতা করে মিথ্যা বদনাম রটিয়ে দেয়। জামিল অত্যন্ত ধৈর্যের সাথে এ পরিস্থিতির মোকাবিলা করেন। পাশাপাশি এলিনার সাথে সুন্দর ব্যবহারের মাধ্যমে বিষয়টি সমাধানের চেষ্টা করে ব্যর্থ হন। এতে এলিনা আরও ৰেপে যায়। বিষয়টি কর্তৃপৰের নজরে আসলে এলিনাকে চাকরি থেকে অব্যাহতি দেয়।

ক. ৰমা শব্দের অর্থ কী? ১

খ. প্রতারণা কাকে বলে? ২

গ. জামিলের আচরণে কোন গুণটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ.এলিনার কর্মকান্ডের পরিণতি পাঠ্যপুস্তকের আলোকে বিশেস্নষণ কর। ৪

**৩ নং প্রশ্নের উত্তর**

**ক** ৰমা শব্দের অর্থ মাফ করা, প্রতিশোধ না নেয়া।

**খ** কথাবার্তা, আচার–আচরণ, লেনদেন, ব্যবসা–বাণিজ্য প্রভৃতি ৰেত্রে ধোঁকা দেয়াকে প্রতারণা বলে। পণ্যদ্রব্যের দোষত্রম্নটি গোপন রেখে বিক্রি করা, অঙ্গীকার ভঙ্গ করা ইত্যাদি প্রতারণার অন্তর্ভুক্ত।

**গ** জামিলের আচরণে শালিনতাবোধ গুণটি ফুটে উঠেছে। আচার–আচরণে, কথাবার্তায়, বেশভূষায় ও চালচলনে মার্জিত পন্থা অবলম্বন করাকে শালীনতা বলে। এটি মানুষের একটি মহৎ গুণ। শালীনতাবোধ মানুষকে অন্যায় ও অশস্নীল কাজ থেকে বিরত রাখে। আলস্নাহর অনুগত বান্দা হতে সাহায্য করে। আচার–ব্যবহারে শালীন ব্যক্তিকে সবাই পছন্দ করে। মার্জিত পোশাক–পরিচ্ছদ সৌন্দর্যের প্রতীক। এতে ভদ্রতা প্রকাশ পায়। আর ভদ্র আচরণের মাধ্যমে বন্ধুত্ব ও হৃদ্যতা সৃষ্টি হয়। উদ্দীপকের জামিলের সহকর্মী এলিনার হিংসাত্মক কর্মকান্ডের পরও জামিল শালিনতার পরিচয় দেন। এতে এলিনা আরও ৰেপে গেলে বিষয়টি কর্তৃপৰের নজরে আসে এবং এলিনাকে চাকরি থেকে অব্যাহতি দেয়। সুতরাং জামিলের আচরণে শালীনতাবোধ ফুটে উঠেছে।

**ঘ** এলিনার কর্মকান্ডের পরিণতি অত্যন্ত ভয়াবহ। উদ্দীপকে এলিনার আচরণে অশালীনতা প্রকাশ পেয়েছে। মানুষ অশালীন ব্যক্তিকে পছন্দ করে না। অশালীন আচরণ বন্ধুকেও দূরে সরিয়ে দেয়। মানুষ অশালীন ব্যক্তির সংস্পর্শ ত্যাগ করে। অশালীন ব্যক্তি আলস্নাহ তাআলার নিকট নিকৃষ্ট। অশালীন ব্যক্তিকে আলস্নাহ তাআলা ঘৃণা করেন। মহানবি (স.) বলেন– নিঃসন্দেহে আলস্নাহ তাআলা অশালীন ও দুশ্চরিত্র ব্যক্তিকে ঘৃণা করেন। রসুলুলস্নাহ (স.) বলেছেন, আলস্নাহ তাআলার নিকট ঐ ব্যক্তি সবচেয়ে খারাপ যার অশস্নীলতা থেকে রৰা পাওয়ার জন্য লোকেরা তাকে ত্যাগ করে। উদ্দীপকের এলিনার হিংসামূলক কর্মকান্ডের কারণে কর্তৃপৰ তাকে চাকরি থেকে অব্যাহতি দেয়। সামাজিকভাবেও এলিনা অপদস্ত হবে এমনকি পরকালীন জীবনেও তাকে শাস্তি ভোগ করতে হবে। সুতরাং উপরিউক্ত আলোচনার দ্বারা এটাই প্রমাণিত হয় যে, এলিনার কর্মকান্ডের পরিণতি অত্যন্ত ভয়াবহ।

**প্রশ্ন– ৪ ▸▸**

জুমার নামায আদায় করতে সজিব মসজিদে গেল। ইমাম সাহেব বললেন– এক পাপী মহিলা একটি বিড়াল ছানাকে বাঁচানোর কারণে আলস্নাহ তাকে ৰমা করে দেন। তিনি আরও বলেন, পৃথিবীতে যত প্রাণী ও জীব আছে প্রত্যেকের প্রতি আমাদের সদয় হতে হবে। কাউকে কোনো প্রকার কষ্ট দেওয়া যাবে না।

ক. ক্রোধ অর্থ কী? ১

খ. আমরা কেন সৃষ্টির সেবা করব? ২

গ. ইমাম সাহেবের আলোচিত বিষয়টি ব্যাখ্যা কর। ৩

ঘ.তুমি কি মনে কর উক্ত বিষয়টির তাৎপর্য অপরিসীম? মতামত দাও। ৪

## ৪ নং প্রশ্নের উত্তর

**ক** ক্রোধ অর্থ রাগ।

**খ** সব সৃষ্টিই আল্লাহ তাআলার পরিজন হওয়ার কারণে আমরা সৃষ্টির সেবা করব। মানুষ আল্লাহ তাআলার শ্রেষ্ঠ সৃষ্টি। তাই সব সৃষ্টির প্রতি মানুষের দায়িত্ব ও কর্তব্য অনেক। মানুষকে আল্লাহর সব সৃষ্টির সেবা করতে হবে। সৃষ্টির সেবা করার দ্বারা আল্লাহর সন্তুষ্টি অর্জন করা যায়। এজন্য আমরা সৃষ্টির সেবা করব।

**গ** ইমাম সাহেবের আলোচিত বিষয়টি হলো 'খিদমতে খালক' বা সৃষ্টির সেবা। সৃষ্টির প্রতি দয়া ও সহানুভূতিশীল হয়ে আদর–যত্ন করার নামই হলো সৃষ্টির সেবা। মানুষ 'আশরাফুল মাখলুকাত' তথা সৃষ্টির সেরা জীব। আর সৃষ্টিকুলের সবকিছু যেমন : জীবজন্তু, পশুপাখি, কীটপতঙ্গ, পাহাড়–পর্বত, গাছপালা ইত্যাদি মানুষের উপকারের জন্য সৃষ্টি করেছেন। পৃথিবীতে যত প্রাণী ও জীব আছে প্রত্যেকের প্রতি আমাদের সদয় হতে হবে। কাউকে কোনো প্রকার কষ্ট দেওয়া যাবে না। উদ্দীপকের ইমাম সাহেবের আলোচনার দ্বারা এ বিষয়টিই ফুটে উঠেছে।

**ঘ** ইসলামে সৃষ্টির সেবার তাৎপর্য অপরিসীম বলে আমি মনে করি। কেননা আশরাফুল মাখলুকাত বা শ্রেষ্ঠ জীব হিসেবে সব সৃষ্টির প্রতি মানুষের দায়িত্ব ও কর্তব্য অনেক। কাজেই ক্ষুধার্ত, তৃষ্ণার্ত বা অভাবগ্রস্তদের প্রতি সদয় হতে হবে। এতে আলরাহ সন্তুষ্ট হবেন এবং আখিরাতে এর প্রতিদান দেবেন। সমাজের ইয়াতিম, গরিব ও মিসকিনদের প্রতি সদয় হতে হবে। এ প্রসঙ্গে আলরাহ তাআলা বলেন– "খাবারের প্রতি আসক্তি স্বত্ত্বেও তারা মিসকিন, ইয়াতিম ও বন্দীকে খাদ্য দান করে।" পশুপাখি, কীটপতঙ্গ, গাছপালা, তরবলতা সবকিছুর প্রতিই মানুষের দায়িত্ব রয়েছে। সব সৃষ্টিই আলরাহ তাআলার পরিজন। জীবজন্তুর সেবার পাশাপাশি বৃৰলতার প্রতিও সদয় হতে হবে। উদ্দীপকের ইমাম সাহেব ইসলামের এ গুরবত্বপূর্ণ বিষয়টি নিয়েই আলোচনা করেছিলেন। যা অত্যন্ত তাৎপর্যময় বলে আমি মনে করি।

**প্রশ্ন– ৫ ▸▸**

মহানবি (স.) হিজরতের রাতে ঘর থেকে বের হয়ে যান। ঘাতকবেষ্টিত বিছানায় হযরত আলি (রা.) কে রেখে বললেন, ''আমার নিকট মানুষের গচ্ছিত সম্পদ রয়েছে। সেগুলো তাদের নিকট যথাযথভাবে পৌঁছে দিও।'' হযরত আলি (রা.) মহানবি (স.)–এর অসিয়ত অনুযায়ী প্রকৃত মালিকদের নিকট গচ্ছিত অর্থ পৌঁছে দিয়েছিলেন।

ক. কার পূর্ণ ইমান থাকে না? ১

খ. আমানত রৰা করা প্রয়োজন কেন? ২

গ. উদ্দীপকে কোন বিষয়টি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ.উদ্দীপকে আলোচিত বিষয়টি ইসলামে গুরবত্ববহ। মতামতসহ বিশেরষণ কর। ৪

## ৫ নং প্রশ্নের উত্তর

**ক** ছিনতাইকারীর পূর্ণ ইমান থাকে না।

**খ** সামাজিক শান্তির জন্য আমানত রৰা করা প্রয়োজন। কারণ আমানতের খিয়ানত করা মুনাফিকের লৰণ। আমানতের খিয়ানতকারী আলরাহর কাছে ঘৃণিত এবং মানুষের কাছেও ঘৃণিত।

**গ** উদ্দীপকে আমানতের বিষয়টি ফুটে উঠেছে। গচ্ছিত বা দায়িত্বে রাখা বস্তু সযত্নে রেখে এর মালিকের কাছে যথাযথভাবে ফেরত দেওয়াকে আমানত রৰা বলে। আমানত রৰা করা ইমানের অঙ্গ। মহানবি (স.) বলেছেন, 'যার আমানতদারি নেই, তার ইমানও নেই।' আমানতদারিতা রৰার জন্যই মহানবি (স.) হিজরতের রাতে ঘাতকবেষ্টিত বিছানায় হযরত আলি (রা.) কে রেখে বললেন, ''আমার নিকট মানুষের গচ্ছিত সম্পদ রয়েছে। সেগুলো তাদের নিকট যথাযথভাবে পৌঁছে দিও।'' হযরত আলি (রা.) মহানবি (স.)–এর অসিয়ত অনুযায়ী প্রকৃত মালিকদের নিকট গচ্ছিত অর্থ পৌঁছে দিয়ে আমানত রৰা করেছিলেন। সুতরাং উপরিউক্ত আলোচনার প্রেৰিতে বলা যায়, উদ্দীপকে পাঠ্যপুস্তকের আমানতের বিষয়টি ফুটে উঠেছে।

**ঘ** উদ্দীপকে আলোচিত বিষয় তথা আমানত রৰা করা বিষয়টি ইসলামে গুরবত্ববহ বলে আমি মনে করি। গচ্ছিত বা দায়িত্বে রাখা বস্তু সযত্নে রেখে এর মালিকের কাছে যথাযথভাবে ফেরত দেওয়াকে আমানত বলে। সামাজিক শান্তিরৰার জন্য আমানত রৰা করা খুবই গুরবত্বপূর্ণ। আমানতদারকে সমাজের সবাই বিশ্বাস করে ও ভালোবাসে। সহজেই তার ওপর বিশ্বাস স্থাপন করে। ফলে সে সমাজের নির্ভরযোগ্য ব্যক্তি হিসেবে পরিচিতি লাভ করে। এর মাধ্যমে পারস্পরিক আস্থা সৃষ্টি হয়। শান্তিপূর্ণ সহাবস্থানের জন্য পারস্পরিক আস্থা ও বিশ্বস্ততা একান্তই প্রয়োজন। আমানতের সংরৰণের মাধ্যমে সবার অধিকার যথাযথভাবে সংরৰিত হয়। ফলে সমাজ ও দেশে শান্তি-শৃঙ্খলা বিরাজ করে। উদ্দীপকে এই বিষয়টিই আলোচিত হয়েছে যে, হযরত আলি (রা.) মহানবি (স.)–এর অসিয়ত অনুযায়ী প্রকৃত মালিকদের নিকট গচ্ছিত অর্থ তথা আমানত পৌঁছে দিয়েছিলেন। সুতরাং উপরিউক্ত বিষয়টি ইসলামে অত্যন্ত গুরবত্ববহ বলে আমি একমত পোষণ করি।

**প্রশ্ন– ৬ ▸▸**

বাংলাদেশের জাতীয় গণমাধ্যমে মাঝে মাঝে সংবাদ আসে শ্রমিক অসন্তোষ। এর প্রকৃত কারণ হলো শ্রমিকরা তাদের প্রাপ্য ঠিকভাবে পায় না। এতে শ্রমিকরা কাজ থেকে বিরত থাকে। অথচ হাদিসে মহানবি (স.) বলেছেন- "মজুরের মজুরি তার ঘাম শুকানোর আগেই পরিশোধ করে দাও।"

ক. আমানত অর্থ কী? ১

খ. সৃষ্টির সেবা বলতে কী বোঝ? ২

গ. জাতীয় গণমাধ্যমে প্রকাশিত সংবাদের বিষয়বস্তু ইসলামের দৃষ্টিতে কীরূ প? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উলিরিখিত হাদিসটির তাৎপর্য বিশেরষণ কর। ৪

## ৬ নং প্রশ্নের উত্তর

**ক** আমানত অর্থ গচ্ছিত রাখা বা দায়িত্বে রাখা।

**খ** আলরাহর সৃষ্টির প্রতি দয়া ও সহানুভূতিশীল হয়ে আদর-যত্ন করার নামই হলো সৃষ্টির সেবা। সৃষ্টিকুলের সবকিছু মানুষের উপকারের জন্য সৃষ্টি করেছেন। এসব সৃষ্টির প্রতি সহানুভুতি দেখানো এবং এগুলোর যত্ন ও রৰণাবেৰণ করাই হলো সৃষ্টির সেবা।

**গ** জাতীয় গণমাধ্যমে প্রকাশিত সংবাদের বিষয়বস্তু ইসলামের দৃষ্টিতে মারাত্মক অন্যায়। কেননা ইসলামে শ্রমিকের মজুরি সাথে সাথে পরিশোধ করে দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। এ সম্পর্কে মহানবি (স.) বলেন, 'শ্রমিকের শরীরের ঘাম শুকানোর আগেই তার মজুরি দিয়ে দাও। উদ্দীপকে আমরা দেখতে পাই, বাংলাদেশের জাতীয় গণমাধ্যমে মাঝে মাঝে সংবাদ আসে শ্রমিক অসন্তোষ। এর প্রকৃত কারণ হলো তারা তাদের প্রাপ্য ঠিকভাবে পায় না। এ নিয়ে শ্রমিকদের মাঝে অসন্তোষ দেখা দেয় এবং তারা কাজে বিরত থাকে। সুতরাং শ্রমিকের মজুরি ঠিকমতো না দেওয়া ইসলামের দৃষ্টিতে মারাত্মক অন্যায়।

**ঘ** 'মজুরের শরীরের ঘাম শুকানোর আগেই তার মজুরি আদায় করে দেবে'– উদ্দীপকের হাদিসটি অত্যন্ত তাৎপর্যপূর্ণ। শ্রমিক মানে মেহনতী মানুষ। যে তার হাড়ভাঙা খাঁটুনি দিয়ে পুঁজিপতি ধনিকের দেয়া দায়িত্বটি পালন করে। আর শ্রমিকের শ্রম দিয়েই সভ্যতা গড়ে ওঠে, আমরা এগিয়ে যাই সাফল্য ও অগ্রগতির পথে। মানব সভ্যতার নির্মাতা এই শ্রমিক তার ঘাম ঝরানো শ্রম দিয়ে দায়িত্ব শেষ করার পর সে পৃথিবীকে ঋণী করে ফেলে। তার এই বিপুল ঋণ কোনো ক্রমেই পরিশোধ করা সম্ভব নয়। কিন্তু তার জন্য নির্ধারিত ন্যূনতম মজুরিটুকু তার নিতান্ত পাওনা। এই পাওনা নিয়ে প্রতারণা বা পরিশোধে বিলম্ব করা নিঃসন্দেহে অবিচার। সুতরাং কেউ যেন শ্রমিকের মজুরি প্রদানে অহেতুক বিলম্ব না করে এটাই হাদিসের আসল তাৎপর্য।

**প্রশ্ন- ৭ ▸▸**

হারুন মিয়া ও সোহানুর রহমান একে অন্যের প্রতিবেশী। সোহানুর রহমানের গাভী হারুন মিয়ার বাগানের গাছপালা নষ্ট করে। এতে হারুন মিয়া ও সোহানুর রহমানের মধ্যে তুমুল ঝগড়ার সৃষ্টি হয়। বিষয়টি এলাকার বিজ্ঞ আলেম আবুল ফাতাহ জানতে পারলে, তিনি হারুন মিয়াকে বোঝান এবং বলেন, মহানবি (স.) ছিলেন ৰমার মূর্তপ্রতীক। অতঃপর হারবন মিয়া সোহানুর রহমানকে মাফ করে দেন।

ক. আমানত অর্থ কী? ১

খ. অপরাধীকে ক্ষমা করতে হবে কেন? ২

গ. হারবন মিয়ার আচরণে কোন গুণটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'মহানবি (স.) ছিলেন উক্ত গুণের মূর্তপ্রতীক'– বিশেরষণ কর। ৪

## ৭ নং প্রশ্নের উত্তর

**ক** আমানত অর্থ গচ্ছিত রাখা বা দায়িত্বে রাখা।

**খ** ক্ষমা করা মহৎ কাজ। অপরাধীকে ক্ষমা করা হলে অপরাধী অনুতপ্ত হয়, লজ্জিত হয় এবং ক্ষমাকারীর প্রতি কৃতজ্ঞ হয়। আল্লাহ তাআলাও ক্ষমাকারীর মর্যাদা বৃদ্ধি করে দেন। তাই অপরাধীকে ৰমা করতে হবে।

**গ** হারবন মিয়ার আচরণে যে গুণটি ফুটে উঠেছে তা হলো ৰমা। প্রতিশোধ গ্রহণের পূর্ণ ৰমতা থাকা সত্ত্বেও প্রতিশোধ না নিয়ে মাফ করে দেওয়াকে ৰমা বলে। ৰমা মহান আলরাহর অন্যতম একটি গুণ। সুন্দর সমাজ গঠনের জন্য মানুষের এ গুণটি থাকা খুবই প্রয়োজন। উদ্দীপকেও আমরা দেখি যে, হারবন মিয়া তার প্রতিবেশী সোহানুর রহমানকে ৰমা করে মহত্তের পরিচয় দিয়েছেন, যদিও সোহানুর রহমানের গাভী তার বাগানের গাছপালা নষ্ট করে। সুতরাং, হারবন মিয়ার আচরণে ৰমার মতো প্রশংসনীয় গুণের প্রকাশ ঘটেছে।

**ঘ** 'মহানবি (স.) ছিলেন উক্ত গুণ তথা ৰমার মূর্তপ্রতীক'।মক্কী জীবনে মহানবি (স.) বিভিন্নভাবে নির্যাতিত ও নিপীড়িত হয়েছিলেন। ৮ম হিজরি সনে মক্কা বিজয় হলে তিনি তাঁর চিরশত্রু কাফিরদের ক্ষমা করে দেন। তিনি মক্কাবাসীদের বলেন, "আজ তোমাদের বিরুদ্ধে আমার কোনো অভিযোগ নেই। তোমরা মুক্ত, স্বাধীন।" পৃথিবীর ইতিহাসে এটি ক্ষমার উজ্জ্বল দৃষ্টান্ড়। ক্ষমার এমন দৃষ্টান্ড় পৃথিবীতে বিরল। সুতরাং উপরিউক্ত আলোচনার পরিপ্রেৰিতে এটাই প্রমাণিত হয় যে, মহানবি (স.) ছিলেন ৰমার মূর্তপ্রতীক।

**প্রশ্ন- ৮ ▸▸**

ফরমান প্রভাবশালী ব্যক্তি। বিদেশে পাঠানোর কথা বলে এক প্রতিবেশীর নিকট থেকে এক লৰ টাকা নেয়। পরে একটি জাল ভিসা তৈরি করে দেয়। ঐ ভিসা দিয়ে বিদেশে যেতে ব্যর্থ হয়ে প্রতিবেশী তার টাকা ফেরত চায়। এতে ফরমান তার প্রতি রাগ হয়ে তাকে গালি দেয়। অন্যদিকে তার ছেলে গার্লস স্কুলের সামনে গিয়ে মেয়েদের উত্ত্যক্ত করে। এ বিষয়ে তাকে বললে সে বলে এমনিতেই ঠিক হয়ে যাবে।

ক. কেমন স্বভাবের মানুষ জান্নাতে প্রবেশ করতে পারবে না? ১

খ. আমানত রৰা করা প্রয়োজন কেন? ২

গ. ফরমানের চরিত্রে কোন বিষয়টি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ.তুমি কি মনে কর ফরমানের এ আচরণগুলো মানুষের ব্যক্তি ও সমাজজীবনকে কলুষিত করবে? মতামত দাও। ৪

### ৮ নং প্রশ্নের উত্তর

**ক** দুশ্চরিত্র ও রূ ঢ় স্বভাবের মানুষ জান্নাতে প্রবেশ করতে পারবে না।

**খ** সামাজিক শান্তি রৰা করার জন্য আমানত রৰা করা খুবই গুরবত্বপূর্ণ। যিনি আমানত রৰা করেন তাকে সবাই বিশ্বাস করে এবং ভালোবাসে। সমাজের সবাই তাকে মর্যাদা দেয়। আমানত রৰা করা ইমানের অঙ্গ। রাসুল (স) বলেন, “যার আমানতদারিতা নেই, তার ইমানও নেই”।

**গ** ফরমানের চরিত্রে আখলাকে যামিমা প্রকাশ পেয়েছে। আখলাকে যামিমা মানুষকে হীন, নিচু ও নিন্দনীয় করে তোলে। হিংসা, ক্রোধ, লোভ, প্রতারণা, পিতামাতার অবাধ্য হওয়া, ইভটিজিং, ছিনতাই প্রভৃতি আচরণগুলো মানুষের নিকট নিন্দনীয় হওয়ায় এগুলো আখলাকে যামিমার অন্তর্ভুক্ত। এ আচরণগুলো মানুষের ব্যক্তি ও সমাজজীবনকে কলুষিত এবং ইহকাল ও পরকালে ঘৃণিত ও অভিশপ্ত করে। উদ্দীপকে ফরমান প্রতিবেশীকে জাল ভিসা তৈরি করে দিয়ে প্রতারণা করেছেন যা আখলাকে যামিমার একটি দিক।

**ঘ** ফরমানের এ আচরণগুলো তথা আখলাকে যামিমা মানুষের ব্যক্তি ও সমাজজীবনকে কলুষিত করবে। একথার সাথে আমি একমত পোষণ করি। আখলাকে যামিমা হলো নিন্দনীয় আচরণ। হিংসা, ক্রোধ, লোভ, প্রতারণা, পিতামাতার অবাধ্য হওয়া, ইভটিজিং, ছিনতাই প্রভৃতি নিন্দনীয় আচরণগুলো মানুষকে হীন, নীচ ও নিন্দনীয় করে তোলে। তাছাড়া এগুলো মানুষের ব্যক্তি ও সমাজজীবনকে কলুষিত করে। মানুষকে ইহকাল ও পরকালে অভিশপ্ত ও ঘৃণিত করে। মহানবি (স.) বলেন, ‘বান্দা তার কুচরিত্রের কারণে জাহান্নামের নিম্নস্তরে পৌঁছে যাবে।’ সুতরাং উপরিউক্ত পর্যালোচনার পরিপ্রেৰিতে এ কথা প্রমাণিত হয় যে, ফরমানের এ আচরণগুলো মানুষের ব্যক্তি ও সমাজজীবনকে কলুষিত করবে।

**প্রশ্ন– ৯ ▸▸**

হাসিব সপ্তম শ্রেণিতে পড়ে। তার বাবা লেখাপড়া না জানা মানুষ। অপরের উন্নতি দেখে তার বাবা জ্বলেপুড়ে মরে এবং তার ৰতি সাধনে লেগে থাকে। এ কারণে তাকে কেউ ভালোবাসে না। সমাজের লোকেরা তাকে এড়িয়ে চলে।

ক. সন্তানের জান্নাত কীসের ওপর নির্ভর করে? ১

খ. পরোপকার করতে হবে কেন? ২

গ. হাসিবের বাবার আচরণে কোনটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ.ব্যক্তি ও সমাজজীবনে উক্ত বিষয়টির প্রভাব বিশেরষণ কর। ৪

### ৯ নং প্রশ্নের উত্তর

**ক** পিতামাতার সন্তুষ্টির ওপর সন্তানের জান্নাত নির্ভর করে।

**খ** মহান আলরাহ সকল মানুষকে সমান যোগ্যতা ও দৰতা দিয়ে সৃষ্টি করেননি। এ কারণে মানুষ পরস্পরের ওপর নির্ভরশীল। তাই মানুষকে সাধ্য ও সামর্থ্য অনুযায়ী পরের উপকার করতে হবে।

**গ** হাসিবের বাবার আচরণে হিংসা ফুটে উঠেছে। অন্যের সুখ–সম্পদ, মানসম্মান নষ্ট হওয়ার কামনা এবং নিজে এর মালিক হওয়ার বাসনা করাকে হিংসা বলে। হিংসা একটি মারাত্মক মানসিক ব্যাধি। হিংসা বহু কারণে সৃষ্টি হয়। যেমন : শত্রবতা, লোভ, অহংকার, নিজের অসৎ উদ্দেশ্য নষ্ট হওয়ার আশঙ্কা, নেতৃত্বের লোভ ইত্যাদি। এসব কারণে এক ব্যক্তি অপর ব্যক্তির প্রতি হিংসা–বিদ্বেষ করে থাকে। উদ্দীপকে হাসিবের বাবা অপরের উন্নতি দেখে জ্বলে পুড়ে মরে এবং তার ৰতি সাধনে লেগে থাকে। সুতরাং হাসিবের বাবার আচরণে হিংসা প্রকাশ পেয়েছে।

**ঘ** ব্যক্তি ও সমাজজীবনে হিংসার প্রভাব সীমাহীন। হিংসা একটি মারাত্মক ব্যাধি। এর কুপ্রভাবে ব্যক্তি যেমন ৰতিগ্রস্ত হয়, তেমনি সমাজজীবনে শান্তিও বিনষ্ট হয়। হিংসার মাধ্যমে মানসিক যন্ত্রণা ও অস্থিরতা বৃদ্ধি পায়। হিংসা মনে অশান্তি ও অস্থিরতার আগুন জ্বালিয়ে রাখে। হিংসুক নিজেই এ আগুনে জ্বলতে থাকে। হিংসুক ব্যক্তি আলরাহ ও মানুষের কাছে ঘৃণিত। কেউ তাকে পছন্দ করে না, শ্রদ্ধা করে না ও ভালোবাসে না। সবাই তাকে প্রত্যাখ্যান করে। হিংসা মানুষের মাঝে শত্রবতা সৃষ্টি করে। এতে সমাজে ঝগড়া–ফ্যাসাদ এবং মারামারি সৃষ্টি হয়। তাছাড়া হিংসা মানুষকে নানারকম অপরাধমূলক কর্মকাণ্ডে জড়ায়। যার প্রভাবে সমাজে অশান্তি নিয়ে আসে।

**প্রশ্ন– ১০ ▸▸**

একটি মেডিকেল কলেজ হাসপাতালের এক জ্যেষ্ঠ নার্সকে পিটিয়ে গুরবতর আহত করেছেন একই হাসপাতালের এক শিৰানবিস চিকিৎসক। আহত নার্সকে ওই হাসপাতালের জরবরি বিভাগে ভর্তি করা হয়। পরে হাসপাতাল কর্তৃপৰ প্রাথমিকভাবে ওই চিকিৎসককে সাময়িক বরখাস্ত করে। *সূত্র : বাংলাদেশ প্রতিদিন ২০১৪*

ক. আল–হিরসু শব্দের অর্থ কী? ১

খ. প্রতারণা বলতে কী বোঝ? ২

গ. শিৰানবিস চিকিৎসকের আচরণে কীসের বহিঃপ্রকাশ ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ.বর্তমান প্রেৰাপটের আলোকে উক্ত বিষয়ের কুফল বিশেরষণ কর। ৪

**১০ নং প্রশ্নের উত্তর**

**ক** আল–হিরসু শব্দের অর্থ লালসা, লিপ্সা, মোহ, আকাঙ্ক্ষা, ইচ্ছা ইত্যাদি।

**খ** কথাবার্তা, আচার–আচরণ, লেনদেন, ব্যবসা–বাণিজ্য প্রভৃতি ৰেত্রে ধোঁকা দেওয়াকে প্রতারণা বলে। পণ্যদ্রব্যের দোষ–ত্রবটি গোপন রেখে বিক্রি করা, অঙ্গীকার ভঙ্গ করা ইত্যাদি প্রতারণার অন্তর্ভুক্ত।

**গ** শিৰানবিস চিকিৎসকের আচরণে ক্রোধের বহিঃপ্রকাশ ঘটেছে। আমরা জানি, স্বীয় স্বার্থ ৰুণ্ন হওয়া বা কারো দ্বারা তিরস্কৃত হওয়ার কারণে প্রতিশোধ গ্রহণের ইচ্ছায় মানুষের মনের মধ্যে যে ৰোভের সৃষ্টি হয়, তাকে ক্রোধ বা রাগ বলে। অহংকার, তিরস্কার, ঝগড়া প্রভৃতি কারণে ক্রোধের সৃষ্টি হয়। ক্রোধ বা রাগের ফলে মানুষ অনেক নির্দয় ও অত্যাচারমূলক কর্মকাণ্ড করে ফেলে। উদ্দীপকে মেডিকেল কলেজ হাসপাতালের জ্যেষ্ঠ নার্সকে পিটিয়ে গুরবতর আহত করার দ্বারা শিৰানবিস চিকিৎসকের আচরণে ক্রোধের বহিঃপ্রকাশ ঘটেছে।

**ঘ** ক্রোধের কুফল বহুমাত্রিক। অহংকার, তিরস্কার, ঝগড়া প্রভৃতি কারণে মানুষের মধ্যে ক্রোধের সৃষ্টি হয়। এ ক্রোধের ফলে মানুষ অনেক নির্দয় ও অত্যাচারমূলক কর্মকাণ্ড করে ফেলে। মানুষের মধ্যে ঝগড়া–বিবাদ ও হিংসা–বিদ্বেষ সৃষ্টি হয়। আর হিংসা মানুষের সৎকর্মসমূহ শেষ করে দেয়। ক্রোধের সময় মানুষের হিতাহিত জ্ঞান থাকে না। সে নিজেকে সংযত রাখতে পারে না। ক্রোধ মানুষের ইমানকে ধ্বংস করে দেয়। ক্রোধের পরিণাম কোনোকালেই ভালো হয়নি। বর্তমানে এটি আরও ভয়াবহ রূ প নিয়েছে। বর্তমানে নারীর ওপরে পুরবষের এবং পুরবষের ওপরে নারীর ক্রোধের বহিঃপ্রকাশ সংক্রামকের ন্যায় বিস্তার লাভ করেছে।

**প্রশ্ন– ১১ ▸▸**

তিনজন লোক এক পাহাড়ের গুহায় একটি গুপ্তধনের সন্ধান পায়। গুপ্তধন নিয়ে আসার সময় তারা ক্ষুধা অনুভব করলে একজনকে খাদ্য আনার জন্য দোকানে পাঠায়। তারপর তারা দুইজন যুক্তি করে যে, তৃতীয় ব্যক্তি খাদ্য নিয়ে আসার সাথে সাথে তাকে হত্যা করে তার গুপ্তধন আমরা দুইজনে নিয়ে নেব। তৃতীয়জন খাদ্য কিনে খাদ্যের মধ্যে বিষ মিশিয়ে নিয়ে আসামাত্র দুইজনে মিলে তৃতীয়জনকে হত্যা করে। বাকী দুইজনের মধ্যে যে বেশি শক্তিশালী সে দুর্বল ব্যক্তিকে হত্যা করে। এরপর সে খাদ্য একাই খেতে বসে পুরোটা খেয়ে মৃত্যুর কোলে ঢলে পড়ে।

ক. ক্রোধ শব্দের অর্থ কী? ১

খ. মানুষ হিংসা–বিদ্বেষ করে কেন? ২

গ. উদ্দীপকের তিন ব্যক্তির চরিত্রে কোনটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ.মানবজীবনে উক্ত বিষয়ের কুফল বিশেরষণ কর। ৪

**১১ নং প্রশ্নের উত্তর**

**ক** ক্রোধ শব্দের অর্থ রাগ।

**খ** হিংসা একটি মারাত্মক মানসিক ব্যাধি। বহু কারণে হিংসার সৃষ্টি হয়। যেমন : শত্রবতা, লোভ, অহঙ্কার, নিজের অসৎ উদ্দেশ্য নষ্ট হওয়ার আশঙ্কা, নেতৃত্বের লোভ ইত্যাদি। এসব কারণে এক ব্যক্তি অপর ব্যক্তির ওপর হিংসা–বিদ্বেষ করে থাকে।

**গ** উদ্দীপকের তিন ব্যক্তির চরিত্রে লোভ প্রকাশ পেয়েছে। অধিক পাওয়ার ইচ্ছা বা আকাঙ্ৰাই হলো লোভ। এ লোভ বিভিন্ন ধরনের। যেমন : অর্থ সম্পদের লোভ, পদমর্যাদার লোভ, খাদ্যদ্রব্যের লোভ, পোশাক–পরিচ্ছদের লোভ ইত্যাদি। এসবের লোভ মানুষের মনের শান্তি বিনষ্ট করে। নিজের কাছে যা আছে তাতে তুষ্ট না থেকে আরও পাওয়ার আশায় সে অস্থির থাকে। এজন্য সে নানাপ্রকার অপরাধমূলক কাজের দিকে ধাবিত হয়। উদ্দীপকের তিনজন নিছক খাওয়ার লোভের কারণে কৌশল করে একে অপরকে হত্যা করে এবং অবশেষে সবাই ধ্বংস হয়। অর্থাৎ উদ্দীপকের তিন ব্যক্তির চরিত্রে লোভ প্রকাশ পেয়েছে।

**ঘ** মানবজীবনে লোভের কুফল অত্যন্ত ভয়াবহ। অতিরিক্ত পাওয়ার আশা–আকাঙ্ক্ষা থেকে লোভের উদ্ভব ঘটে। লোভ মনের শান্তি নষ্ট করে। লোভী ব্যক্তি নিজের নিকট যা আছে তাতে তুষ্ট না হয়ে আরো পাওয়ার আশায় অস্থির থাকে। লোভের কারণে সমাজে নানা ধরনের অপরাধমূলক কাজ সংঘটিত হয়। লোভের কারণে সমাজে ডাকাতি, রাহাজানি, কালোবাজারি ও মজুদদারি বেড়ে যায়। ফলে সমাজে অস্থিরতা সৃষ্টি হয়। চুরি, ছিনতাই, দ্রব্যে ভেজাল দেয়া ইত্যাদি অপরাধমূলক কাজ লোভের

কারণেই সংঘটিত হয়। লোভী ব্যক্তি অতিরিক্ত পাওয়ার আশায় যেকোনো অপরাধমূলক কাজে লিপ্ত হতে কুণ্ঠিত হয় না। সুতরাং উপরিউক্ত আলোচনার পরিপ্রেৰিতে এটাই প্রমাণিত হয় যে, মানবজীবনে উক্ত বিষয় তথা লোভের কুফল অত্যন্ত ভয়াবহ।

**প্রশ্ন– ১২ ▸▸**

রায়হান সপ্তম শ্রেণির ছাত্র। একদিন তার মা হামিদাবানু দুধের মধ্যে পানি মিশিয়ে রায়হানকে বাজারে বিক্রির জন্য পাঠাতে চাইলে রায়হান তার মাকে বলল, দুধে পানি মিশিয়ে বিক্রি করলে গুনাহ হয়। এটি মিথ্যার শামিল এবং একটি সামাজিক অপরাধ।

ক. পিতামাতার অবাধ্য হওয়া কেমন অপরাধ। ১

খ. আখলাকে যামিমা কাকে বলে? ২

গ. উদ্দীপকে হামিদাবানুর কর্মকাণ্ডে কী প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ.'এটি মিথ্যার শামিল এবং একটি সামাজিক অপরাধ'– উক্তিটির যথার্থতা বিশেৰষণ কর। ৪

**১২ নং প্রশ্নের উত্তর**

**ক** পিতামাতার অবাধ্য হওয়া জঘন্য অপরাধ।

**খ** এমন কিছু আচরণ বা কাজ যা মানুষকে হীন, নীচু ও নিন্দনীয় করে তোলে সেগুলোকে আখলাকে যামিমা বলে। নিন্দনীয় আচরণগুলো হচ্ছে হিংসা, ক্রোধ, প্রতারণা, পিতামাতার অবাধ্য হওয়া, ইভটিজিং, ছিনতাই প্রভৃতি।

**গ** উদ্দীপকে হামিদাবানুর কর্মকাণ্ডে প্রতারণা প্রকাশ পেয়েছে। কথাবার্তা, আচার-আচরণ, লেনদেন ও ব্যবসায়-বাণিজ্য প্রভৃতি ৰেত্রে ধোঁকা দেওয়াকে প্রতারণা বলে। পণ্যদ্রব্যের দোষত্রবটি গোপন রেখে বিক্রি করা, খাদ্যে ভেজাল দেওয়া, অঙ্গীকার ভঙ্গ করা ইত্যাদি প্রতারণার অন্তর্ভুক্ত। ইসলামের দৃষ্টিতে এগুলো মানবতাবিরোধী গর্হিত কাজ এবং শাস্তিযোগ্য অপরাধ। উদ্দীপকেও আমরা দেখি যে, সপ্তম শ্রেণির ছাত্র রায়হানের মা হামিদাবানু দুধের মধ্যে পানি মিশিয়ে বাজারে বিক্রির জন্য পাঠাতে চান। এটি প্রতারণা। সুতরাং উপরিউক্ত আলোচনার দ্বারা এটাই প্রতীয়মান হয় যে, হামিদাবানুর কর্মকাণ্ডে প্রতারণা প্রকাশ পেয়েছে।

**ঘ** 'এটি মিথ্যার শামিল এবং সামাজিক অপরাধ'– উক্তিটি যথার্থ। আমাদের সমাজে এমন কিছু লোক আছে যারা পণ্যদ্রব্যের দোষত্রবটি গোপন রেখে বিক্রি করে। খাদ্যে ভেজালদ্রব্য মিশিয়ে বিক্রি করে। ক্রয়-বিক্রয়ের ৰেত্রে এ ধরনের ধোঁকা দেওয়া প্রতারণার শামিল। এটি মানবতাবিরোধী গর্হিত কাজ। এটি সামাজিক অপরাধ। এর ফলে মানুষ দুঃখ-কষ্ট ভোগ করে। সামাজিক শান্তি-শৃঙ্খলা বিঘ্নিত হয়। সমাজের মানুষের জীবনযাত্রা দুর্বিষহ হয়ে পড়ে। উপরন্তু প্রতারণা করতে অবশ্যই মিথ্যার আশ্রয় নিতে হয়। সুতরাং আমরা বলতে পারি, 'এটি মিথ্যার শামিল এবং সামাজিক অপরাধ', রায়হানের এ উক্তিটি যথার্থ।

**প্রশ্ন– ১৩ ▸▸**

সুজার পিতা-মাতা বৃদ্ধ। সে তার পিতা-মাতাকে দেখা শুনা করে না। সুজার আর কোনো ভাই-বোন না থাকায় পিতা-মাতার ঠাঁই আর কোথাও হয় না। একদিন সুজার শ্বশুর-শাশুড়ি তার বাসায় বেড়াতে আসে। তাদের আপ্যায়নের জন্য সুজা ভালো খাবারের আয়োজন করে। সুজার মা বেড়ার ফাঁক দিয়ে দেখে সুজা নিজ হাতে ভালো খাবারগুলো শ্বশুর-শাশুড়ির পেরটে উঠিয়ে দিচ্ছে। এ দৃশ্য দেখে সুজার মা চোখের পানি ফেলে মনে মনে বলে "ছেলে যদি জানতাম তুই এমন ব্যবহার করবি তাহলে তোকে পেটে বহন করতাম না"।

ক. খিদমতে খালক অর্থ কী? ১

খ. পরোপকার বলতে কী বোঝায়? ২

গ. সুজার আচরণে কোনটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ.তুমি কি মনে কর সুজার পরকালীন পরিণতি অত্যন্ত ভয়াবহ? মতামত দাও। ৪

**১৩ নং প্রশ্নের উত্তর**

**ক** খিদমতে খালক অর্থ সৃষ্টির সেবা।

**খ** পরোপকারের আরবি প্রতিশব্দ হলো 'ইহসান اَلْإِحْسَانُ' যার অর্থ অন্যের উপকার করা। আলৱাহর সৃষ্টির প্রতি মানুষের যে দায়িত্ব ও কর্তব্য আছে সেগুলোকে উত্তম বা যথাযথভাবে পালন করার নামই পরোপকার।

**গ** সুজার আচরণে পিতা-মাতার অবাধ্যতা প্রকাশ পেয়েছে। পিতা-মাতা সন্তানের আপনজন। তাদের স্নেহ-মমতায় সন্তান লালিত-পালিত হয়। সন্তানের আরাম আয়েশের জন্য তারা সর্বোচ্চ ত্যাগ স্বীকার করেন। সন্তানের ভবিষ্যৎ উন্নতির জন্য তারা সবরকম ব্যবস্থা করেন। পিতা-মাতার এ মহান অবদান সন্তানেরা ভুলে যায়। তাদের দেখাশুনা করাতো দূরের কথা তাদের প্রতি দৃষ্টতা প্রদর্শন করে। উদ্দীপকে সুজার পিতা-মাতা বৃদ্ধ। সে তার পিতা-মাতাকে দেখাশুনা করে না। সুজার আর কোনো ভাই-বোন না থাকায় পিতা-মাতার ঠাঁই আর কোথাও হয় না। তথা সুজা তার শ্বশুর-শাশুড়ির ব্যাপারে অত্যন্ত যত্নবান। সুতরাং সুজার আচরণে পিতামাতার অবাধ্যতা প্রকাশ পেয়েছে।

**ঘ** আমি মনে করি সুজার পরকালীন পরিণতি অত্যন্ত ভয়াবহ। কেননা সে পিতা–মাতার অবাধ্য। পিতা–মাতার অবাধ্য হওয়ার পাপ এত ভয়াবহ যে স্বয়ং আলরাহ তাআলা এ পাপ ৰমা করেন না। শিরকের পর সবচেয়ে বড় গুনাহ হলো পিতা–মাতার অবাধ্য হওয়া। রাসুল (স.) বলেন, মহান আলরাহ তাআলা তার ইচ্ছা অনুযায়ী সব পাপই ৰমা করে দেন। কিন্তু পিতা–মাতার অবাধ্যতার পাপ তিনি ৰমা করেন না। পিতা–মাতার অবাধ্য হলে পরকালে জাহান্নামে জ্বলতে হবে। রাসুলুলরাহ (স.) বলেন, তারাই তোমার বেহেশত ও দোযখ। অর্থাৎ পিতা–মাতার সন্তুষ্টির ওপর যেমন সন্তানের জান্নাত লাভ নির্ভর করে, ঠিক তেমনি তাদের অসন্তুষ্টির কারণে সন্তান দোযখবাসী হবে। সুতরাং উপরিউক্ত আলোচনার দ্বারা এটাই প্রমাণিত হয় যে, সুজার পরকালীন পরিনতি অত্যন্ত ভয়াবহ।

**প্রশ্ন– ১৪ ▸▸**

মহিলা কলেজের সামনে কিছু বখাটে যুবক দাঁড়িয়ে মেয়েদের উত্ত্যক্ত করছিল। মেয়েরা মুখ ফুটে কিছু বলতে পারছিল না। কলেজ কর্তৃপৰ এসব বখাটে ছেলেদের ডেকে এর অপকারিতা সম্পর্কে বললে তারা ভালো হওয়ার শপথ করে।

ক. বাইবেল অনুসারে প্রথম নারী কে? ১

খ. আখলাকে যামিমা কাকে বলে? ২

গ. উদ্দীপকে যুবকদের দ্বারা কোন বিষয়টি প্রকাশিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ.যুবকদের দ্বারা প্রকাশিত বিষয়টির প্রতিকার আলোচনা কর। ৪

**১৪ নং প্রশ্নের উত্তর**

**ক** বাইবেল অনুসারে প্রথম নারী হলেন ইভ।

**খ** এমন কিছু আচরণ বা কাজ যা মানুষকে হীন, নিচু ও নিন্দনীয় করে তোলে, সেগুলোকে আখলাকে যামিমা বা নিন্দনীয় আচরণ বলে। যেমন : হিংসা, ক্রোধ, লোভ, প্রতারণা, পিতা–মাতার অবাধ্য হওয়া, ইভটিজিং, ছিনতাই প্রভৃতি।

**গ** উদ্দীপকের যুবকদের দ্বারা যে বিষয়টি প্রকাশিত হয়েছে তাহলো ইভটিজিং। ইভটিজিং বলতে কথা, কাজ, আচরণ ইত্যাদির মাধ্যমে নারীদের উত্ত্যক্ত করাকে বোঝায়। নারীদের প্রতি অশালীন উক্তি করা, অশরীল অঙ্গভঙ্গি করা ইত্যাদি ইভটিজিংয়ের অন্তর্ভুক্ত। উদ্দীপকেও বখাটে যুবকরা মেয়েদেরকে উত্ত্যক্ত করছিল যা ইভটিজিং নামে পরিচিত।

**ঘ** যুবকদের দ্বারা প্রকাশিত বিষয়টি তথা ইভটিজিং–এর প্রতিকার করা অতি জরবরি। ইভটিজিং প্রতিরোধে সামাজিক সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করতে হবে। পারিবারিক নজরদারি, ধর্মীয় অনুশাসন ও শৃঙ্খলার ওপর জোর দিতে হবে। মেয়েদেরকে শালীন পোশাক পরিধান ও শালীনতা বজায় রেখে চলাফেরার পরামর্শ দিতে হবে। ইভটিজিং প্রতিরোধে সরকার ঘোষিত আইনের যথাযথ বাস্তবায়ন করতে হবে।

**প্রশ্ন– ১৫ ▸▸** ছিনতাই–এর কুফল

কবির ঢাকাতে একটি গার্মেন্টসে কাজ করে। কঠোর পরিশ্রমের মাধ্যমে অর্জিত টাকা দিয়ে মায়ের জন্য একটি শাড়ি এবং বাবার জন্য লুঙ্গি কিনে ঈদের সময় তিনি বাড়ির উদ্দেশ্যে রওনা দিলেন। পথিমধ্যে কয়েকজন অস্ত্রধারী যুবক তার কাছে থাকা টাকা এবং সমস্ত জিনিসপত্র ছিনিয়ে নিলে কবিরের ঈদের আনন্দ মাটি হয়ে যায়।

ক. ইভটিজিং অর্থ কী? ১

খ. ক্রোধ কাকে বলে? ২

গ. কবির যে পরিস্থিতির সম্মুখীন হয়েছিল তাকে কী বলে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত বিষয়টি প্রতিকারে সামাজিক আন্দোলন দরকার'– এ মতটি তুমি কতটুকু সমর্থন কর?' ৪

**১৫ নং প্রশ্নের উত্তর**

**ক** ইভটিজিং অর্থ নারীকে জ্বালাতন করা।

